শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015 Certified

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১

মুক্তাগাছা, ময়মনসিংহ।

মুজিব MUJIB শতবর্ষ 100

Phone: 09028-75205, E-mail: gmmpbs1@gmail.com, Web: www. pbs1.mymensingh.gov.bd

স্মারক ২৭.১২.৬১৬৫.৫১৭.০২.০০৮.২১. ২৭৭৫ তারিখ- ১৩/০৬/২০২২খ্রিঃ
৩০ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ

আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্রঃ-বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০৪.২২.৪৫১৫, তারিখঃ-২৬/০৫/২০২২ খ্রিঃ।

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্তে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী অভিজ্ঞতা সম্পন্ন **মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক)/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক)** গণের নিকট হতে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা	
০১	**মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক)**	পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০/- হতে ২৬,৪৮০/- টাকা অথবা সর্বশেষ পবিস প্রদত্ত এলপিসি অনুযায়ী মুল বেতন ও প্রদেয় অন্যান্য ভাতাদী।	০১)	**বয়স সীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর (০৩-০৭-২০২২ খ্রিঃ তারিখে)। সর্বোচ্চ ৯ম চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যাহা আগে আসে) চাকুরী করতে পারবেন।
			০২)	**অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে ০৩(তিন) বছর/০৬ (ছয়) বছর/ ০৯(নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।
			০৩)	**অন্যান্য যোগ্যতাঃ** (ক) প্রার্থীকে সৎ,বিশ্বস্ত,মার্জিত ব্যক্তিত্ব ,সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহণে সক্ষম) হতে হবে। (খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে। (গ) বিবেচিত প্রার্থীকে ০৩(তিন) বছরের চুক্তি কালীন প্রতি বছর প্রথম পক্ষ (ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১) কর্তৃক দ্বিতীয় পক্ষের নিকট মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক)গণের কর্মমূল্যায়ন করা হবে। ধারাবাহিকভাবে কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তি-র মেয়াদ ০৩ বছর পূর্তির সমাপনান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ০১/০২(এক/দুই)টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩(তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে অত্র পবিস এ সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যেতে পারে।
			০৪)	**নিয়োগ পদ্ধতিঃ** বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার অনুযায়ী জ্যৈষ্ঠতা ও অভিজ্ঞতার ভিত্তিতে নিয়োগ প্রদানের লক্ষ্যে প্যানেল প্রস্তুত করা হবে।
			০৫)	প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয়ে অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ,ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।

০১। আবেদনপত্র পুরণ ও জমাদানঃ

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট (www.pbs1.mymensingh.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং--ভার্সন-০১) ডাউন লোড অথবা ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর অথবা সকল পল্লী বিদ্যুৎ সমিতি সমূহের সদর দপ্তর হতে উক্ত আবেদন ফরম সংগ্রহ পূর্বক **প্রার্থী নিজ হাতে যথাযথভাবে পূরন করে আগামী ০৩/০৭/২০২২ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, মুক্তাগাছা, ময়মনসিংহ এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে।** অসম্পূর্ণ, সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদন এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;

(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি;

(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি (জন্ম নিবন্ধন গ্রহন যোগ্য নয়)।

(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (সত্যায়িত কপি);

(ঙ) চারিত্রিক সনদ পত্রের সত্যায়িত অনুলিপি।

(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত '' অভিজ্ঞতা সনদপত্র/প্রত্যয়ন পত্র'' যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

(ছ) উপরে বর্ণিত সকল কাগজাদি/ডকুমেন্ট প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নাম,পদবী,সিলসহ) সত্যায়িত করে জমা প্রদান করতে হবে।

০৩। বেতন ও ভাতাদিঃ

নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে চুক্তিকালীন সময়ে নিম্নবর্ণিতভাবে বেতন ও ভাতাদি প্রদান করা হবে-

(ক) বাড়ি ভাড়া মূল বেতনের ৪০% প্রদান করা হবে।

(খ) মাসিক বিদ্যুৎ বিল ভাতা ১৫০ ইউনিটের সম-পরিমান অর্থ।

(গ) মাসিক যাতায়াত ভাতা ১৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা।

(ঘ) প্রতি বৎসর নিয়মানুযায়ী বার্ষিক বেতন প্রবৃদ্ধি প্রদান করা হবে।

(ঙ) মাসিক চিকিৎসা ভাতা ১০০০/-(এক হাজার) টাকা প্রদান করা হবে।

(চ) নিয়মানুযায়ী মাসিক শিক্ষাভাতা (প্রযোজ্য ক্ষেত্রে প্রাপ্য হবেন)।

(ছ) সমিতিতে চুক্তিভিত্তিতে কর্মকালীন প্রতি বৎসরে ০২(দুই)টি'' উৎসব বোনাস এবং নিয়মানুযায়ী বৈশাখী ভাতা'' প্রাপ্য হবেন। সমিতির পারফরমেন্স টার্গেট এগ্রিমেন্ট (কেপিআই/পিটিএ) এর ফলাফল অনুযায়ী বোনাস/পেনাল্টি ভোগ করবেন।

(জ) সন্তোষজনকভাবে ০৯ (নয়) বছর পবিসের চাকুরী শেষে পবিস হতে চুক্তি ও বাপবিবোর স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৬২.০০২. ১৯. ২৬৫৬, তাং-০৯/১০/২০১৯ খ্রিঃ অনুযায়ী মূলবেতনের উপর ২০% হারে সার্ভিস বেনিফিট প্রাপ্য হবেন।

০৪। অন্যান্য শর্তাবলীঃ

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকুলে **১০,০০০/-** (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসাবে জমা প্রদান করতে হবে, সন্তোষজনক চুক্তি সমাপনান্তে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত দেয়া হবে।

(খ) জ্যৈষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের পবিস মানব সম্পদ পরিদপ্তরের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তাং-১২/১১/২০১৮খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

(গ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখ সহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ও শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। একাধিক পবিসে চাকুরী সম্পন্ন কারীগণকে অবশ্যই একাধিক পবিস এ চাকুরীর'' অভিজ্ঞতা সনদ'' দাখিল করতে হবে। এক্ষেত্রে সর্বোচ্চ অভিজ্ঞতা অর্জনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।

(ঘ) ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তি ভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক)/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে যারা কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঙ) অন্যান্য পবিসে চুক্তি চলমান থাকলে ০৩/০৮/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে যাদের চুক্তিশেষ হবে শুধুমাত্র তারাই আবেদন করতে পারবেন।

(চ) অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী'র রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নাই।

(ছ) কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন কারণে কোন মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) যদি স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত হয়ে থাকেন, তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(জ) তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে এবং তা কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হওয়া মাত্রই কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং জমাকৃত নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত করা হবে। প্রয়োজনে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঝ) অসম্পূর্ণ/ভূল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(ঞ) অত্র সমিতির ভৌগলিক এলাকা তথা **ময়মনসিংহ জেলার-ময়মনসিংহ সদর, মুক্তাগাছা, ফুলবাড়ীয়া উপজেলা এবং টাঙ্গাইল জেলার ভূয়াপুর, গোপালপুর, ধনবাড়ী, মধুপুর ও ঘাটাইল উপজেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।**

(ট) বাপবিবোর্ডের সর্বশেষ নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।

(ঠ) ইতোমধ্যে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল হবে।

(ড) চুক্তি ভিত্তিতে নিয়োগ প্রাপ্ত মিটার রিডার কাম ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদের জন্যই বলবৎ থাকবে, যা কখনও কোনক্রমেই নিয়মিত হবে না।

(ঢ) খামের উপরে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

(ণ) প্রাপ্ত আবেদনপত্র বাছাইকার্য সম্পাদনের পর বর্তমান শূন্য পদের সংখ্যা ও পরবর্তী ০১(এক) বৎসরের সম্ভাব্য চাহিদাকৃত পদের সংখ্যার ভিত্তিতে প্যানেল প্রস্তুত করা হবে।

(ত) বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ আক্তার হোসেন)
জেনারেল ম্যানেজার
ফোনঃ ০৯০২৮-৭৫২০৫

<u>অনুলিপিঃ- জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।</u>

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক,পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ)পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা
০৩। পরিচালক,পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ।
০৪। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৫। জেলা প্রশাসক, ময়মনসিংহ ।
০৬। পুলিশ সুপার, ময়মনসিংহ।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার /জেনারেল ম্যানেজার --------------------------------পবিস-১/২/৩/৪।
০৮। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবোর্ড, ঢাকা।
০৯। একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
১০। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, ময়মনসিংহ।
১১। উপজেলা নির্বাহী অফিসার , --উপজেলা।
১২। ডিজিএম (ফুলবাড়ীয়া, গোপালপুর, ঘাটাইল, মধুপুর, ধনবাড়ী) জোঃ অঃ, ময়মনসিংহ পবিস-১ ।
১৩। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা/আইটি-১/২), ময়মনসিংহ পবিস-১ ।
১৪। এজিএম (ওএন্ডএম) আছিম/কালীবাড়ী সাব জোনাল অফিস, মপবিস-১।
১৫। সহঃ জুনিঃ ইঞ্জিনিয়ার(আইটি)/জুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি), মপবিস-১। (অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)
১৬। নোটিশ বোর্ড, ময়মনসিংহ পবিস-১ ।
১৭। অফিস/মাস্টার কপি ।

(মোঃ আক্তার হোসেন)
জেনারেল ম্যানেজার